

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 জেলা প্রশাসকের কার্যালয়
কুড়িগ্রাম
 আইসিটি শাখা
www.kurigram.gov.bd

ফেব্রুয়ারি ২০১৫ মাসের জেলা ইনোভেশন টিম এর সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব আকতার হোসেন আজাদ অতিরিক্ত জেলা প্রশাসক (আইসিটি) কুড়িগ্রাম।
সভার তারিখ	:	২২-২-২০১৫ খ্রিস্টাব্দ।
সভার সময়	:	বিকাল- ৪.৩০ টা।
সভার স্থান	:	অতিরিক্ত জেলা প্রশাসক (আইসিটি) এর অফিস কক্ষ, কুড়িগ্রাম।
সভায় উপস্থিতি	:	পরিশিষ্ট- "ক" (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভায় উপস্থিত কর্মকর্তা/সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। উপস্থিত কর্মকর্তাবৃন্দকে স্ব স্ব ইনোভেশন আইডিয়ার কার্যক্রমের অগ্রগতি নিয়ে আলোচনা করার জন্য অনুরোধ করা হয়। বিষয় ভিত্তিক আলোচনাতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	<p>বিগত সভার কার্যবিবরণী দৃঢ়িকরণণ্ড</p> <p>সভাপতি উপস্থাপিত জানুয়ারি ২০১৫ এর কার্যবিবরণীর উপর কোন মন্তব্য আছে কিনা জানতে চান। সভায় উপস্থিত সভায় উপস্থিত কর্মকর্তা/সদস্যবৃন্দ গত সভার কার্যবিবরণীর উপর কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব নেই মর্মে অবহিত করেন। কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়িকরণ করা হয়।</p>		
২	<p>জেলা ও উপজেলা ইনোভেশন টিম এর পুনর্গঠন সম্পর্কে আলোচনাণ্ড</p> <p>মন্ত্রিপরিষদ বিভাগের ৮ এপ্রিল ২০১৩ খ্রিঃ তারিখের প্রজাপন অনুচ্ছেদ ৩ এ ক্ষমতাবলে জেলা প্রশাসক কর্তৃক ২১ ডিসেম্বর ২০১৪ খ্রিস্টাব্দের ০৫.৪৭.৪৯০০.০২৬.০২.০০৪.১৪-২৮৮ ও ২৪ ডিসেম্বর ২০১৪ খ্রিঃ ০৫.৪৭.৪৯০০.০২৬.০২.০০৪.১৪-২৯২ স্মারকমূলে পুনর্গঠন করা হয়েছে।</p>	<p>মন্ত্রিপরিষদ বিভাগের ৮ এপ্রিল ২০১৩ খ্রিঃ তারিখের প্রজাপন এর নির্দেশনা মোতাবেক জেলা ও উপজেলা ইনোভেশন টিম পুনর্গঠন প্রক্রিয়া ও পুনর্গঠন শেষে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিতকরণ সবসময় অব্যাহত রাখতে হবে।</p>	জেলা ইনোভেশন অফিসার।
৩	<p>উপজেলা ইনোভেশন টিম এর সভা সম্পর্কে আলোচনাণ্ড</p> <p>সভায় উপজেলা ইনোভেশন টিম এর মাসিক সভা সম্পর্কে সভাপতি উপস্থিত কর্মকর্তা/সদস্যবৃন্দকে আলোচনা করার জন্য অনুরোধ করেন। উপস্থিত কর্মকর্তা/সদস্যবৃন্দ সভায় অবহিত করেন যে, উপজেলা পর্যায়ে ইনোভেশন টিম এর মাসিক সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে। সভা অনুষ্ঠান সংক্রান্ত প্রতিবেদন বা মাসিক সভার কার্যবিবরণী কোন কোন উপজেলা হতে এ কার্যালয়ে পাওয়া যায়নি জেলা ইনোভেশন টিমের সদস্য এ কার্যালয়ের সহকারী কমিশনার (আইসিটি) বিষয়টি অবহিত করেন।</p>	<p>উপজেলা ইনোভেশন টিম এর প্রতি ইংরেজি মাসের ১৫ তারিখের মধ্যে সভা অনুষ্ঠিত করে পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যে সভার কার্যবিবরণী এ কার্যালয়ে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে। উপজেলা ইনোভেশন টিম এর সভার কার্যবিবরণীর গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন প্রতিবেদন পরবর্তী সভার পূর্বেই জেলা ইনোভেশন অফিসারের কার্যালয়ে প্রেরণ করতে হবে।</p>	উপজেলা নির্বাহী অফিসার (সকল) কুড়িগ্রাম

৪	<p>ইনোভেশন টিম এর কার্যপরিধি সম্পর্কে আলোচনা:</p> <p>সভায় ইনোভেশন টিম এর কার্যপরিধি সম্পর্কে উপস্থিত কর্মকর্তা/সদস্যবৃন্দ আলোচনা করেন। প্রতিমাসে টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন বিষয়ে আলোচনা করা হয়। মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/জেলা/উপজেলা পর্যায়ে গঠিত সংশ্লিষ্ট অন্যান্য ইনোভেশন টিমের সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন এবং প্রতি বৎসর নির্ধারিত সময়ের মধ্যে পূর্ববর্তী বৎসরের একটি পূর্ণাঙ্গ বাংসরিক প্রতিবেদন প্রণয়ন এবং ২০১৫ সালের বাংসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন তা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং স্বীয় ওয়েবসাইটে প্রকাশ বিষয়ে উপস্থিত কর্মকর্তা/সদস্যবৃন্দ আলোচনা করেন।</p>	<p>১) মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপনে বর্ণিত ইনোভেশন টিম এর কার্যপরিধি সুষ্ঠুভাবে প্রতিগালন /বাস্তবায়ন করতে হবে। ২০১৪ সালের উপজেলা ইনোভেশন টিমের কার্যক্রম সম্পর্কিত প্রতিবেদন উপজেলা ইনোভেশন অফিসার এ কার্যালয়ে প্রেরণ নির্দিষ্ট করবেন।</p> <p>২) জেলা ইনোভেশন টিম এর বাংসরিক কর্মপরিকল্পনা ২০১৫ জেলা উন্নয়ন সমন্বয় সভায় ইতোমধ্যে অনুমোদিত হয়েছে। উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদনপূর্বক উপজেলা ইনোভেশন টিম এর বাংসরিক কর্মপরিকল্পনা ২০১৫ সালের বাংসরিক কর্মপরিকল্পনা এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।</p>	<p>১) জেলা ইনোভেশন অফিসার, কুড়িগ্রাম। ২) উপজেলা নির্বাহী অফিসার (সকল) কুড়িগ্রাম</p>																		
৫	<p>উপজেলা ইনোভেশন সার্কেল আয়োজন সম্পর্কে আলোচনা:</p> <p>উপজেলা পর্যায়ে চলমান সেবায় উন্নাবনী উদ্যোগের সাথে উপজেলা পর্যায়ের বিভিন্ন দপ্তর/প্রতিষ্ঠানের ইনোভেশন টিমের প্রাতিষ্ঠানিক সম্পর্ক শক্তিশালীকরণে স্বীয় উপজেলার উন্নাবনী উদ্যোগ বাস্তবায়নকারী কর্মকর্তা, উপজেলা ইনোভেশন কর্মকর্তা ও উপজেলা ইনোভেশন টিমের কর্মকর্তা/সদস্যদের সমন্বয়ে প্রতিমাসে ইনোভেশন সার্কেল আয়োজনের বিষয়ে বিষয়ে উপস্থিত কর্মকর্তা/সদস্যবৃন্দ আলোচনা করেন।</p>	<p>উপজেলা ইনোভেশন সার্কেল আয়োজনপূর্বক এ কার্যালয়কে অবহিত করতে হবে এবং সার্কেলে গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন প্রতিবেদন জেলা ইনোভেশন অফিসারের কার্যালয়ে প্রেরণ করতে হবে।</p>	<p>উপজেলা নির্বাহী অফিসার (সকল) কুড়িগ্রাম</p>																		
৬	<p>সেবা প্রদানে ইনোভেটিভ আইডিয়া এর কার্যক্রম সম্পর্কে আলোচনা:</p> <p>জেলা ইনোভেশন অফিসার স্বাক্ষরিত নভেম্বর ২০১৪ খ্রিঃ তারিখের ০৫.৪৭ .৪৯০০.০২৬.০২.০০৮.১৪-স্মারকমূলে প্রেরিত পত্রে জেলার বিভিন্ন দপ্তরের ইনোভেটিভ আইডিয়ার বিবরণ নিম্নোক্ত ছক মোতাবেক জানতে চাওয়া হয়।</p> <table border="1" style="width: 100%; border-collapse: collapse;"> <thead> <tr> <th style="width: 15%;">কার্যালয়ের নাম ও ঠিকানা</th> <th style="width: 15%;">কার্যালয়ের নাম ও ঠিকানা</th> <th style="width: 15%;">সেবাটি আরও সেবার নাম</th> <th style="width: 15%;">গৃহীত/পরিকল্পনাধীন উদ্যোগ</th> <th style="width: 15%;">কিভাবে সেবা প্রদানে দুর্ভোগ কমিয়েছে/কর্মাবে</th> <th style="width: 15%;">ইনোভেটরের নাম ও পদবী</th> </tr> </thead> <tbody> <tr> <td></td> <td></td> <td></td> <td></td> <td></td> <td></td> </tr> <tr> <td></td> <td></td> <td></td> <td></td> <td></td> <td></td> </tr> </tbody> </table> <p>কিন্তু উল্লেখযোগ্য কোন ইনোভেটিভ আইডিয়া পাওয়া যায়নি।</p>	কার্যালয়ের নাম ও ঠিকানা	কার্যালয়ের নাম ও ঠিকানা	সেবাটি আরও সেবার নাম	গৃহীত/পরিকল্পনাধীন উদ্যোগ	কিভাবে সেবা প্রদানে দুর্ভোগ কমিয়েছে/কর্মাবে	ইনোভেটরের নাম ও পদবী													<p>আলোচনাটে উক্ত ছক জেলা ও উপজেলা পর্যায়ের সকল দপ্তর/বিভাগে আবারও প্রেরণ করে ইনোভেটিভ আইডিয়া আবারও আহ্বান করা হবে। উপজেলা ইনোভেশন অফিসার উপজেলাস্থ দপ্তর/বিভাগ সমূহ হতে উক্ত ছক মোতাবেক তথ্য সংগ্রহের উদ্যোগ গ্রহণ ও সমন্বয় করবেন।</p>	<p>উপজেলা ইনোভেশন অফিসার (সকল) কুড়িগ্রাম</p>
কার্যালয়ের নাম ও ঠিকানা	কার্যালয়ের নাম ও ঠিকানা	সেবাটি আরও সেবার নাম	গৃহীত/পরিকল্পনাধীন উদ্যোগ	কিভাবে সেবা প্রদানে দুর্ভোগ কমিয়েছে/কর্মাবে	ইনোভেটরের নাম ও পদবী																
৭	<p>জেলা ডিজিটাল উন্নাবনী মেলা ২০১৫:</p> <p>প্রধানমন্ত্রীর কার্যালয়ের এন্টুআই প্রোগ্রাম এর ইমেইল বার্তার নির্দেশনা মোতাবেক গত ২৯-৩১ জানুয়ারি ২০১৫ জেলা পর্যায়ে ডিজিটাল উন্নাবনী মেলা অনুষ্ঠিত হয়েছে। এ মেলায় জেলা/উপজেলা পর্যায়ের যে সকল দপ্তর/প্রতিষ্ঠান অংশগ্রহণ পূর্বক জেলা ডিজিটাল উন্নাবনী মেলা সফলভাবে আয়োজনে সহযোগীতা প্রদান করেছেন সে বিষয়ে উপস্থিত কর্মকর্তা/সদস্যবৃন্দ আলোচনা করেন।</p>	<p>গত ২৯-৩১ জানুয়ারি ২০১৫ জেলা পর্যায়ে ডিজিটাল উন্নাবনী মেলায় অংশগ্রহণকারী জেলা/উপজেলা পর্যায়ের দপ্তর/প্রতিষ্ঠানকে ধন্যবাদ জ্ঞাপন করেন।</p>																			

৮	<p>জেলা ও উপজেলা ওয়েব পোর্টাল সম্পর্কে আলোচনাঃ</p> <p>সভায় জেলা ও উপজেলা ওয়েব পোর্টাল এর তথ্য হালনাগাদ সম্পর্কে আলোচনা করেন। পোর্টালে আপলোডকৃত তথ্যের বস্তুনিষ্ঠতা যাচাই এবং পোর্টালের ছবি ও তথ্যের প্রাসঙ্গিকতা পরীক্ষণ, ওয়েব পোর্টালে তথ্য সংযোজন ও নিয়মিত হালনাগাদকরণ সংক্রান্ত কার্যক্রম পর্যালোচনা করা হয়। জেলা ওয়েব পোর্টাল প্রতিনিয়ত হালনাগাদ এর জন্য জেলা পর্যায়ের সকল দপ্তরকে সীয় দপ্তরের তথ্য নিয়মিত আগলোড করণ এবং অনুরূপভাবে উপজেলা পর্যায়ের প্রতিটি দপ্তরের তথ্য আপলোডসহ পোর্টালের প্রতিটি ট্যাব পূরণের বিষয়ে আলোচনা করা হয়। জেলা ও উপজেলা ইনোভেন টিম জেলা ও উপজেলা পোর্টাল নিয়মিত মনিটরিং এবং উদ্ভুত সমস্যা ও জটিলতা নিরসনে প্রয়োজনীয় কর্মপদক্ষেপ গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। জেলায় পদায়নকৃত/নবনির্যোগ/যোগদানকৃত কর্মকর্তার তথ্য জেলা ওয়েব পোর্টালে অন্তর্ভুক্তির নিমিত্ত এ সংক্রান্ত তথ্য আইসিটি শাখাকে অবহিতকরণের জন্য সহকারী কমিশনার (সাধারণ), জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রামকে পত্র প্রদানের বিষয়ে আলোচনা করা হয়।</p>	<p>১। জেলা ও উপজেলা ওয়েব পোর্টাল এর তথ্য সংযোজন ও নিয়মিত হালনাগাদ করতে হবে। জেলা ও উপজেলা ইনোভেন টিম জেলা ও উপজেলা পোর্টাল নিয়মিত মনিটরিং করবেন।</p> <p>২। জেলা ও উপজেলা পোর্টাল হালনাগাদ এর জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও জেলা পর্যায়ের প্রতিটি দপ্তরে পত্র প্রদান করতে হবে।</p> <p>৩। জেলায় পদায়নকৃত / নবনির্যোগকৃত/যোগদানকৃত কর্মকর্তার তথ্য আইসিটি শাখাকে অবহিত করণের অনুরোধ জানিয়ে সহকারী কমিশনার (সাধারণ), জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রামকে পত্র প্রদান করতে হবে।</p>	<p>১। জেলা ও উপজেলা ওয়েব পোর্টাল এর ফোকাল পয়েন্ট</p> <p>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম ও</p> <p>৩। সহকারী কমিশনার (আইসিটি)</p>
৯	<p>ইনোভেটিভ আইডিয়ার পাইলট প্রকল্প সম্পর্কে আলোচনাঃ</p> <p>সভায় ইনোভেটিভ আইডিয়া সম্পর্কে সভাপতি উপস্থিত কর্মকর্তা/সদস্যবৃন্দকে আলোচনা করার জন্য অনুরোধ করেন। উপস্থিত কর্মকর্তা/সদস্যবৃন্দ তাদের নিজ ইনোভেটিভ আইডিয়া আলোচনা করেন তা সংযুক্ত কপিতে উল্লেখ করা হলো।</p>	<p>ইনোভেটিভ আইডিয়া সমূহ আরও জনবোক্সে, সুদূরপ্রসারী করণে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ইনোভেটিভ আইডিয়া সমূহ বাস্তবায়নে সরকারের আর্থিক সক্ষমতা বিবেচনায় রেখে জেলা ও উপজেলা প্রশাসন এবং বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহকে সম্পৃক্তকরণে কার্যকরি পদক্ষেপ গ্রহণ করতে হবে। উপজেলা ইনোভেশন অফিসার এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করবেন।</p>	<p>জেলা ইনোভেশন টিম</p> <p>ও</p> <p>উপজেলা ইনোভেশন টিম</p> <p>সংশ্লিষ্ট দপ্তর</p>
১০	<p>বিবিধঃ</p> <p>১। ল্যাববিশিষ্ট প্রতিটি বিদ্যালয়ে মাল্টিমিডিয়া প্রজেক্টের মাধ্যমে ক্লাস শুরু করেছেন মর্মে জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম সভায় অবহিত করেন এবং এ সংক্রান্ত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে। শিক্ষা বিভাগের পোর্টাল আপডেট সম্পর্কে আলোচনা করা হয়।</p> <p>২। কুড়িগ্রাম জেলায় ইনোভেশন টিম এর সদস্যদের নিয়ে ফেসবুক গ্রুপ চালু সম্পর্কে ইনোভেশন অফিসার জানতে চাইলে সহকারী কমিশনার (আইসিটি) জনান যে ইনোভেশন টিম, কুড়িগ্রাম এর ফেসবুক গ্রুপ মোলা হয়েছে (Facebook Group of Innovation Teams, Kurigram)। ইনোভেশন টিম এর সকল সদস্যকে ফেসবুক পেজে সম্পৃক্ত হতে ইনোভেশন টিম এর সদস্যগণকে অনুরোধ করেন।</p>	<p>মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিচালনা সংক্রান্ত তথ্য নিয়মিত ইনোভেশন টিম এর সভায় উপস্থাপন করতে হবে। শিক্ষা বিভাগের পোর্টাল আপডেট করতে হবে।</p> <p>ইনোভেশন সংক্রান্ত ফেসবুক গ্রুপে সকল কর্মকর্তাকে অন্তর্ভুক্তকরণসহ সবার সাথে সমন্বয় করার জন্য সহকারী কমিশনার (আইসিটি)কে নির্দেশনা প্রদান করেন।</p>	<p>জেলা শিক্ষা কর্মকর্তা, কুড়িগ্রাম ও</p> <p>সহকারী কমিশনার (আইসিটি)</p>

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত
 (মোঃ আকতার হোসেন আজাদ)
 অতিরিক্ত জেলা প্রশাসক (আইসিটি)
 কুড়িগ্রাম
 ও
 সভাপতি
 জেলা ইনোভেশন টিম
 ই-মেইলঃ adcictkurigram@yahoo.com